ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৮৯৭

পানিসাগর, ২৩ জুলাই, ২০২৫

**পানিসাগরে কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা**

এক অনুষ্ঠানের মাধ্যমে পানিসাগর নগর পঞ্চায়েত এলাকার ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ২০২৫ উত্তীর্ণ মেধা ছাত্রছাত্রীদেরকে সংবর্ধনা দেওয়া হয়। পানিসাগর নগর পঞ্চায়েতের উদ্যোগে আজ পানিসাগর টাউনহলে আয়োজিত এই সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর নগর পঞ্চায়েতের উপ কার্যনির্বাহী আধিকারিক মো: অয়নূল হক খান, বিদ্যালয় পরিদর্শক সুজিৎ রুদ্র পাল, পানিসাগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রিন্সিপাল যতীন্দ্র কুমার দেববর্মা, পানিসাগর নগর পঞ্চায়েতের কাউন্সিলার বাসুদেব দাস, নারায়ণ দেবনাথ, সমাজসেবী নিরুপম দে প্রমুখ। অনুষ্ঠানে মাধ্যমিক পরীক্ষায় ৩৭ জন এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৩৮ জন মেধাবী ছাত্রছাত্রীকে সংবর্ধনা ও পুরস্কৃত করা হয়। পাশাপাশি একই স্থানে আজ পানিসাগর নগর পঞ্চায়েত এলাকায় ‘সাফাই আপনাও বিমারী ভাগাও’ কর্মসূচির সাথে যুক্ত সাফাই কর্মীদেরকে সংবর্ধনা ও পুরস্কৃত করা হয়। এই উপলক্ষ্যে স্বচ্ছতা ও পরিবেশ বিষয়ের উপর সচেতনতামূলক নাটক পরিবেশিত হয় অনুষ্ঠানে।

*****